একটু মনে রাখুন তারিখ আর সময়টা।

১১ই ফেব্রুয়ারি ২০২৩ সন্ধ্যা ৬টা।

হ্যাঁ। ওই দিন, ওই সময়েই বিভিন্ন সাংস্কৃতিক ও সমাজসেবী সংগঠনের সহায়তায় পরিবেশ আকাদেমি এবং সবুজের অভিযান, বড়বাজার, চন্দননগরের উদ্যোগে সবুজের অভিযান ক্লাব সংলগ্ন প্রাঙ্গণে সূচনা হতে চলেছে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন চলচ্চিত্রকার মৃণাল সেনের জন্ম শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠান।

মোটামুটিভাবে সেদিনের অনুষ্ঠান সূচী এইরকম --

সন্ধ্যা ৬ টায় সংক্ষিপ্ত স্বাগত ভাষণের পর প্রকাশিত হবে দুটি বই।

(১) "সবুজের অভিযানের কথা ও কাহিনী" -- শহরের ঐতিহ্যপূর্ণ সংগঠন সবুজের অভিযান এর ৭৫ বছর পূর্তি উপলক্ষে ক্লাবের শুরু থেকে আজ অব্দি কর্মকান্ডের একটি ইতিহাস। এই গুরুত্বপূর্ণ গ্রন্থটি সংকলনের দায়িত্ব পালন করেছেন শুভ্রাংশু কুমার রায়, রাহুল রায় এবং কুনাল সেন।

(২) "বাজে কালের মন্দিরা" -- শংকর কুশারী গ্রন্থিত এবং সম্পাদিত মোট ১৫টি জনপ্রিয় আলেখ্য-র একটি সংকলন।

এর পরের পর্যায়ে থাকবে মৃণাল সেনের বিভিন্ন চলচ্চিত্রে ব্যবহৃত মোট ৫টি গানের একটি পরিবেশনা। অংশ গ্রহণ করবেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব বিজয়চাঁদ দত্তের নির্দেশনায় "অবশেষে"-র শিল্পীবৃন্দ।

তৃতীয় পর্যায়ে মৃণাল সেন সম্পর্কে আলোচনায় থাকছেন প্রয়াত সেনের পারিবারিক বন্ধু ডা: অধৃষ্য কুমার এবং চলচ্চিত্র বিষয়ক প্রাবন্ধিক সুব্রত রায়।

অনুষ্ঠানের শেষভাগে প্রদর্শিত হবে মৃণাল সেন পরিচালিত ফিল্ম "ভুবন সোম"।

সমগ্র অনুষ্ঠানের সঞ্চালনায় থাকছেন বিশিষ্ট প্রাবন্ধিক দেবাশীষ মুখোপাধ্যায়।

ধন্যবাদ জ্ঞাপন ও অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা।

আপনাদের সার্বিক সহযোগিতা এবং উপস্থিতি এই আয়োজনকে সার্থক করে তুলুক।

শিবনাথ লাঙ্গল

সম্পাদক, সবুজের অভিযান

কুনাল সেন

কার্যকরী সভাপতি

পরিবেশ আকাদেমি

শংকর কুশারী

বিভিন্ন সাংস্কৃতিক ও

সমাজকর্মী সংগঠনের পক্ষে

চন্দননগর, ৫ ফেব্রুয়ারি, ২০২৩